

AIO
১৩/১১/২০১৯

নং ০৫.০০.০০০০.১২৪.৯৯.০০১.১৮ - ১৮৬০

তারিখ: ১৮ কার্তিক, ১৪২৬
০৩ নভেম্বর, ২০১৯

বিষয়: প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা অনুযায়ী গৃহীত অগ্রিমের অর্থে ক্রয়কৃত গাড়ি এবং সরকারি যানবাহন যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ সম্পর্কিত।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং-০৫.০০.০০০০.১২১.২৬.০০১.১৮-২৫৬০ তারিখ: ০১/১০/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা” অনুযায়ী “সুদমুক্ত ঋণ” গ্রহণকারী কোন কোন কর্মকর্তা প্রেধণ/মোট প্রশাসন/প্রকল্পে কর্মরত থাকা অবস্থায় সার্বক্ষণিক সরকারি গাড়ি ব্যবহারের সুবিধা থাকা সত্ত্বেও উক্ত নীতিমালার নীতি-১৬ যথাযথভাবে অনুসরণ না করে গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ ২৫.০০০/- (পঁচিশ হাজার) টাকার পরিবর্তে ৫০.০০০/- (গুস্তাশ হাজার) টাকা উত্তোলন করছেন। এতে সরকার আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে।

০২। লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন সরকারি কর্মকর্তা “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ি এবং সরকারি যানবাহন ব্যবহারে বিভিন্ন অনিয়ম করছেন যা সরকারি কর্মচারীর অসদাচরণ ও দুর্নীতির আওতাভুক্ত অপরাধ।

০৩। “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ি এবং সরকারি যানবাহন অপব্যবহার রোধকল্পে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক:

(ক) “প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা” এর নীতি-১০ ও ১৬ মোতাবেক ১০০% রক্ষণাবেক্ষণ ব্যয় গ্রহণের ক্ষেত্রে “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ি ব্যবহার করতে হবে। এক্ষেত্রে সরকারি/অধীনস্থ দপ্তর/সংস্থার যানবাহন ব্যবহার করা যাবে না।

(খ) প্রেধণ/মোট প্রশাসন/প্রকল্পে কর্মরত কোন কর্মকর্তার সার্বক্ষণিক সরকারি যানবাহন ব্যবহারের সুবিধা থাকলে “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ির রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ নির্ধারিত অর্থের ৫০% প্রাপ্য হবেন।

(গ) কর্মস্থলে যাতায়াতের ক্ষেত্রে “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ি ব্যবহার করতে হবে। এক্ষেত্রে সরকারি/অধীনস্থ দপ্তর/সংস্থার যানবাহন ব্যবহার করা বিধিসম্মত নয়।

০৪। বর্ণিতাবস্থায়, “সুদমুক্ত ঋণ” এর অর্থে ক্রয়কৃত গাড়ি এবং সরকারি যানবাহন ব্যবহারে সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণে ব্যত্যয়কারী কর্মকর্তাগণের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিতকরণসহ তীর মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এবং অধীনস্থ সংস্থা-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সচিব এর দপ্তর
১৩/১১/২০১৯
তারিখ: ১৩ নভেম্বর, ২০১৯

১৩/১১/২০১৯
(মোঃ শরীফুল ইসলাম)
উপসচিব
ফোন-৯৫৫৬০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৭.১৯-২৫৬২

তারিখ: ১৩ নভেম্বর, ২০১৯ খ্রিঃ
২৮ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইকারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
- ৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১২। লাইব্রেরিয়ান/হিসাবরক্ষণ কর্মকর্তা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

শাহিনা খাতুন
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd